

**West Bengal State University  
B.A./B.Sc./B.Com (Honours, Major, General) Examinations, 2015**

**PART - III**

**বাংলা — সামানিক**

**ষষ্ঠ পত্র**

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

উত্তর যথাসন্তুষ্টি নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।  
প্রশ্নে একাধিক অংশ থাকলে প্রতোক অংশ আলাদা অনুচ্ছেদে লিখতে হবে।  
দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

- ১। উপন্যাস ও ইতিকথা কি এক ? ‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসটি কিভাবে চরিত্রগুলির অন্তর্লোকের ইতিকথা হয়েও উপন্যাসের ধর্ম বজায় রেখেছে — আলোচনা করো। ১৫

অর্থবা

‘পুতুলনাচের ইতিকথা’য় বহু মানুষের মধ্যে বেঁচেও শশী নিঃসঙ্গ, একক। তাঁর এই একাকিত্ব ও নিঃসঙ্গতার স্বরূপ বিশ্লেষণ করো।

- ২। ‘অরণ্যের অধিকার’ উপন্যাসের ভূমিকায় মহাশ্঵েতা দেবী জানিয়েছেন যে বীরসার বিদ্রোহ কেবলমাত্র এক বিদেশী সরকার ও তার শোষণের বিরুদ্ধে বিদ্রোহ নয়, একই সঙ্গে এ বিদ্রোহ সমকালীন ফিউডাল ব্যবস্থার বিরুদ্ধেও” — উপন্যাসে বিদ্রোহের সেই প্রকৃতি কতখানি প্রতিফলিত হয়েছে তা আলোচনা করো। ১৫

অর্থবা

‘অরণ্যের অধিকার’ উপন্যাসের অমূল্য আবাহাম চরিত্রটির উপযোগিতা সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো।

- ৩। অতিপ্রাকৃতের বাতাবরণ ‘ক্ষুধিত পাষাণ’ গল্পটিকে কীভাবে একই সঙ্গে রহস্যময় ও অভিনব করে তুলেছে — বুঝিয়ে লেখো। ১৫

অর্থবা

‘ল্যাবরেটরি’ — সোহিনীর সৃষ্টিরও এক নতুন পরীক্ষা।

— মন্ত্রব্যাটির পরিপ্রেক্ষিতে সোহিনী চরিত্র পরিকল্পনায় রবীন্দ্রনাথের দৃঃসাহসিক আধুনিকতার পরিচয় দাও।

৪। 'ফসিল' গল্পটি অবলম্বনে লেখকের আর্থ-সামাজিক সচেতনতার পরিচয় দাও।

১৫

## অর্থবা

'অবতরণিকা' গল্পের শেষে আরতির নিঃশব্দ কানায় কিসের ভূমিকা রচিত হলো — গল্পটি বিশ্লেষণ করে তা বুঝিয়ে দাও।

৫। একদিকে সামাজিক-অথনৈতিক অসহায়তা, অন্যদিকে 'ভদ্রলোক' হওয়ার দায়, 'অশ্বমেধের ঘোড়া' গল্প রেখা-কাঞ্চনের সংকটকে তীব্রতর করে তুলেছে। — আলোচনা করো।

১৫

## অর্থবা

'মতিলাল পাদৰী' গল্পটি আসলে মানুষকে ভালোবাসার গল্প, মনুষ্যত্বের গল্প। — বুঝিয়ে লেখো।

৬। ক) 'পুতুল বই তো নই আমরা, একজন আড়ালে বসে খেলাচ্ছেন।' — কে, কাকে কথাটি বলেছে? আড়ালে বসে যিনি খেলাচ্ছেন, তাঁর স্বরূপ সংক্ষেপে লেখো।

১ + ১ + ৩

## অর্থবা

'আকাশের মেঘ কমে নদীর জল বাড়ে — নইলে কি জগৎ চলে ছেটবাবু' — বক্তা কে? সে এই কথাটির মধ্যে দিয়ে কী বোঝায়ে চেয়েছে?

১ + ৪

খ) 'উলঙ্গলানের শেষ নেই। ভগবানের মরণ নাই।' — 'উলঙ্গলান' শব্দের অর্থ কী? উক্তিটির তাৎপর্য সংক্ষেপে বুঝিয়ে দাও।

১ + ৪

## অর্থবা

"দুটো হেলে আমার বড়, আরো হবে। লেখাপড়া জানলে ওরা কাছারির হাকিমের কথা বুবাবে।" — কে বলেছে, কাকে বলেছে? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো।

১ + ১ + ৩

গ) 'এই বাকাহীন মনুষ্যের মধ্যে বৃহৎ প্রকৃতির মতো একটা বিজ্ঞ মহসু আছে।' — এর তাৎপর্য বুঝিয়ে লেখো।

৫

## অর্থবা

'আমার পরমায়ুর সমস্ত দিন রাত্রির মধ্যে সেই একটি মাত্র রাত্রিই আমার তুচ্ছ জীবনের একমাত্র চরম সার্থকতা।' — কোন্ গল্পের অংশ? 'সেই একটি মাত্র রাত্রি' তুচ্ছ জীবনের 'একমাত্র চরম সার্থকতা' হয়ে ওঠার অন্তিমিহিত কারণ সংক্ষেপে লেখো।

১ + ৪

১৫

- ঘ) ‘এ বোটার পরমায় আছে’ — কে, কাকে এই কথা বলেছে? বোটার পরমায় থাকার কারণ  
উল্লেখ করো।

১ + ১ + ৩

সরে

জ্ঞে

১৫

‘লটারির টিকিট না কিনলে লটারিতে টাকা পাবার উপায় নাই, ভোট না দাঢ়ালে এম.এল.এ.  
হবার উপায় নাই।’ — মন্তব্যটি কার? উদ্বাঙ্গিত তাৎপর্য বুঝিয়ে লেখো।

১ + 8

- ৬) ‘মদন পেঁপে চারাটা চুরি করে নিয়ে যায় নি। আমার বাবার মনে হচ্ছিল পেঁপে চারাটাই মদনকে  
আমাদের বাড়ি থেকে চুরি করে নিয়ে গেছে।’ — কার উক্তি? এর তাৎপর্য বুঝিয়ে লেখো।

১ + 8

হ?

+ ৩

চ?

+ ৮

গটির

+ ৮

য।”

+ ৩

তপৰ

৫

মাত্ৰ

চৱম

+ ৮

অথবা

‘... এই দুই যুবক-যুবতী ভাঙাচোরা বাড়িটার তিনতলার একটা অঙ্ককার ঘরে সারারাত্রি তদ্বাহীন  
নির্ঘূম চোখে নিঃশব্দে বসে থেকে সুর্যোদয়ের প্রতীক্ষা করতে লাগল।’ — প্রসঙ্গ নির্দেশ করে  
‘সুর্যোদয়ের প্রতীক্ষা’-র ব্যঞ্জনাটি বুঝিয়ে দাও।

৩ + ২